

## 124200 - যে ট্যাবলেটগুলো জিহ্বার নীচে রাখা হয় এবং শরীর সে ট্যাবলেটকে চুষে নেয় এতে কী রোযা ভঙ্গ হবে?

### প্রশ্ন

এক ধরনের ট্যাবলেট আছে হাটের রোগীরা যে ট্যাবলেটগুলো ব্যবহার করে থাকেন। এ ট্যাবলেটটি জিহ্বার নীচে রাখা হয়; গিলে ফেলা হয় না। শরীর সেটাকে চুষে নেয়। এ ধরনের ট্যাবলেট কি রোযা ভঙ্গ করবে?

### প্রিয় উত্তর

ডাক্তারেরা বলেন, জিহ্বার নীচের স্থানটি শরীরের সবচেয়ে দ্রুত ঔষধ চুষে নেয়ার স্থান। এ কারণে কিছু হৃদরোগের তড়িৎ চিকিৎসা হচ্ছে জিহ্বার নীচে একটি ট্যাবলেট রাখা। যে ট্যাবলেটটি সরাসরি ও দ্রুত শরীর চুষে নেয় এবং রক্ত এটাকে হাটে পৌঁছিয়ে দেয়। ফলস্বরূপ হাটের তাত্ক্ষণিক সমস্যা বন্ধ হয়ে যায়।

এ ধরনের ট্যাবলেট রোযা ভঙ্গ করবে না। কেননা এটি মুখে চুষে নেয়; পাকস্থলিতে কিছু প্রবেশ করে না।

যে ব্যক্তি এ ধরনের ট্যাবলেট ব্যবহার করেন তার কর্তব্য মুখে এ ট্যাবলেট গলে যাওয়ার পর শরীর এটাকে চুষে নেয়ার পূর্বে এর কোন অংশ গিলে না ফেলা।

"ইসলামী ফিকাহ একাডেমি"-এর সিদ্ধান্তে এসেছে:

"নিম্নোক্ত বিষয়গুলো রোযা ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না: ... বুক ব্যথা (Angina)-র চিকিৎসা কিংবা অন্য কোন রোগের চিকিৎসার ক্ষেত্রে জিহ্বার নীচে যে ট্যাবলেট বা অন্য কিছু রাখা হয় সেটা থেকে নির্গত কোন পদার্থ গলার ভিতরে চলে না গেলে।"[সমাপ্ত]

দেখুন: "ফিকাহ একাডেমির ম্যাগাজিন" (১০/২/৯৬, ৪৫৪), ড. আহমাদ আল-খলিল রচিত "মুফাতিরাতুস সিয়াম আল-মুআসিরা" (পৃষ্ঠা- ৩৮, ৩৯)।